


## আবারও মুখোশ

দীর্ঘদিন পর রুদ্র সাহেব পুনরায় ভিন্নমতের রূপালী পর্দায় ফিরে এসেছেন। মিস নন্দিনী হোসেনের একটি খোলা চিঠির উত্তর দেয়ার মাধ্যমে সুদীর্ঘ বিরতির পর তার প্রত্যাবর্তন ঘটেছে ভিন্নমত নামের গালাগালির হাটে তার নতুন লেখার মাধ্যমে - 'নন্দিনী আফারে কই'। এটি নিঃসন্দেহে তেমন উল্লেখযোগ্য কোন ঘটনা নয়। তবে যা উল্লেখযোগ্য তা হলো, পিডিএফ ফাইলে পুনরায় রায় সাহেবের নাম সংযুক্ত হয়েছে রুদ্রের সাথে। তাহলে আসুন বিষয়টি দেখা যাক:



হ্যাঁ, এটি রুদ্র সাহেবের সর্বশেষ লেখা ভিন্নমতে যা আজ বা গতকাল ছাপা হয়েছে। দীর্ঘদিন আগে প্রথমবার যখন রুদ্র সাহেবের আবির্ভাব ঘটে ভিন্নমতে, তখন

‘Author’ হিসেবে রায় সাহেবের নাম পিডিএফ ফাইলে দেখা গেলে এবং সেই সূত্র ধরে জিয়াউদ্দিন সাহেব রায় সাহেবের মুখোশ উন্মোচন করলে সেসময় রায় সাহেব আমাদেরকে অসাধারণ একটি গল্প শুনিয়েছিলেন কিভাবে তিনি রুদ্দ সাহেবের লেখাটি পান, তারপর পিডিএফ ফাইল তৈরী করেও নিজের পত্রিকায় তা না ছেপে কিভাবে তা ফের রুদ্দ সাহেবকে ফেরৎ পাঠান, কিভাবে ভিন্নমত সম্পাদক সাহেব ‘রুদ্দ’কে ‘রুদ্দ মোহাম্মদ’ বানিয়ে দেন (একবার পিডিএফ ফাইল তৈরী করার পর সেখানে ‘রুদ্দ’কে ‘রুদ্দ মোহাম্মদ’ করা এ্যাডোব এ্যাক্রোব্য্যাট যারা ডেভেলপ করেছেন, সম্ভবত তাদের পক্ষেও সম্ভব নয়) ইত্যাদি ইত্যাদি ।

এবারকার লেখাটিতে ‘Author’ হিসেবে ‘Quddus Khan’ লিখিত হলেও পিডিএফ ফাইলে অসতর্কতার কারণে যথারীতি রায় সাহেবের নাম চলে এসেছে । দেখা যাক রায় সাহেব এবার আমাদেরকে কি গল্প শোনান? নাকি এবার তিনি কুদ্দুস সাহেবকে দিয়েই গল্পটি আমাদেরকে শোনাবেন?

পাঠকরা আসুন, আমরা রায় সাহেবের মুখ থেকে (নাকি এবার কুদ্দুস সাহেবের মুখ থেকে) কুয়ুক্তিতে ভরা অসাধারণ একটি গল্প শোনার জন্যে তৈরী হয়ে থাকি যদিনা কুদ্দুস সাহেব এর মধ্যেই রুদ্দের (রায় সাহেবের) লিখিত পিডিএফ ফাইলটির নাম পরিবর্তন না করে ফেলেন । ধন্যবাদ ।

নাম প্রকাশে অনিচ্ছুক ।